গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সরকারি আবাসন পরিদপ্তর**

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয় ঃ বাংলাদেশ বরাদ্দ বিধি, ১৯৮২ এর বিধি-৭ এর অনুবলে সরকারি আবাসন বরাদ্দ কার্যত্র স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে অনুসরণীয় পদ্ধতি।**

যেহেতু ঢাকা মহানগর এলাকায় সরকারি আবাসনের স্বল্পতার কারণে সরকারি কর্মক কর্মচারীগণের আবাসন সংকট বিদ্যমান এবং এ সংকটে যাতে সরকারী কর্মকর্তা/কর্মচারীগণ প্রাপ্য অনুযায়ী বরাদ্দযোগ্য সীমিত আবাসনের মধ্য হতে স্বচ্ছতা ও ন্যায়সংগতভাবে বাসস্থান বরাদ্দ পে পারেন সে লক্ষ্যে বরাদ্দ বিধি, ১৯৮২ এর বিধি-৭ এর যথাযথ প্রয়োগ সমীচীন, সেহেতু পুনরাদেশ দেয়া পর্যন্ত বাসা বরাদ্দের ক্ষেত্রে উক্ত বিধির অনুসরণে প্রাধিকার তালিকা প্রণয়নে নিম্নবর্ণিত পদ্ধ অনুসরণ করতে হবে।

(ক) নির্দিষ্ট ফরমে আবেদনপত্র প্রাপ্তির সাথে সাথে আবেদনকারী যে শ্রেণীর বাসার প্রাপ্য রয়েছে সে শ্রেণীর তালিকায় তাঁর নাম অর্ন্তভুক্ত করতঃ তালিকায় তাঁর অবস্থান নিশ্চিতকরণের জ প্রাপ্ত নম্বর প্রদান করতে হবে। নিম্নোক্ত বিষয়ের উপর প্রাপ্ত নম্বর নির্ধারণ করতে হবে।

| | | |
|---|---|---|
| ১। | আবেদনের তারিখ থেকে ১ বছর ও তদূর্ধ সময়ের জন্য (প্রতি মাসের জন্য ১ পয়েন্ট ধার্য হবে)। | প্রাপ্ত সর্বোচ্চ নম্বর ১২ |
| ২। | মহিলা কর্মকর্তা (যাদের স্বামী সরকারি চাকুরীজীবি নন কিংবা সরকারি চাকুরীজীবী হলে ঢাকার বাহিরে চাকুরীরত)। | ৩ |
| ৩। | বিশেষ পদে কর্মরত সরকারি কর্মকর্তা (মন্ত্রী/সচিবগণের PS/APS/PRO ইত্যাদি) গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এবং সরকারি আবাসন পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী। | ১০ |
| ৪। | ঢাকার বাহিরে ১০ বছর ও তদূর্ধ কাজ করে ঢাকায় বদলী হয়ে আসলে (১-৯ বছর পর্যন্ত প্রতি বছরের জন্য-১ পয়েন্ট)। | ১০ |
| | মোট নম্বর | ৩৫ |

(খ) অনুচ্ছেদ 'ক' তে বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক প্রাধিকার তালিকায় অবস্থানকারীদে পয়েন্ট গ্রেডের ভিত্তিতে পর্যায়ক্রমে বাসস্থান বরাদ্দ করতে হবে।

(গ) আবেদন দাখিলের ৩০ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে বাসা বরাদ্দের বিষয়ে তার আবেদনের উপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত করতে হবে।

(ঘ) মিরপুর পাইকপাড়া এবং উত্তরায় অবস্থিত আবাসন পরিদপ্তরের সাইট অফিসে আবেদনকারীগণ দরখাস্ত জমা দিতে পারবেন।

(ঙ) একজন বরাদ্দ প্রাপক বরাদ্দ গ্রহণের তারিখ হতে ৩ বছরের মধ্যে একই এলাকায় বদলী বরাদ্দের জন্য আবেদন করলে তা গ্রহণযোগ্য হবে না।

(চ) একজন আবেদনকারীর বেতনগত যোগ্যতা অনুযায়ী বাসার প্রাপ্যতা নির্ধারিত থাকবে। কোন অবস্থাতেই নিম্ন শ্রেণীর বাসার জন্য বরাদ্দ প্রদান করা হবে না (বরাদ্দ বিধির ধারা ৫(১) ব্যতীত)।

(ছ) সুনির্দিষ্ট এলাকা উল্লেখপূর্বক বাসা বরাদ্দের দরখাস্ত করতে হবে। একটি দরখাস্তে ১টির বেশী এলাকা উল্লেখ করা যাবে না।

সরকারি আবাসন বরাদ্দের ক্ষেত্রে এই পদ্ধতি অবিলম্বে কার্যকর হবে।

সচিব

গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।